

AGRICULTURE (HONS./PG)

- (১) ভারতের যেসব রেপসিড ও সরিষার চায় হয় তাদের নাম লিখুন। (২) মাটি সংশোধন কাকে বলে? (৩) ধান ও ডালশস্যের একটি করে গুদামশস্যকীটের নাম লিখুন। (৪) গমচাষে তিনটি সেচের সুবিধা থাকলে গমের তিনটি বৃদ্ধিদশার নাম লিখুন। (৫) একটি কর্ষণ উপযোগী এবং একটি মাটি চূর্ণবিচূর্ণ করার সাধারণ যন্ত্রের নাম লিখুন। (৬) একটি করে উদাহরণ দিন : (ক) অর্থকরী ফসল (খ) বাগিচা ফসল (গ) নার্স ফসল (ঘ) তন্তু ফসল। (৭) শুষ্কভূমি চাষে শস্য নির্বাচনের নির্ণায়কগুলি কী কী? (৮) আলু ও সরষে ফসলের দুটি করে রোগের নাম লিখুন। (৯) ধান ও আলুচাষে একটি করে প্রধান অভ্যন্তরীণ পরিচর্যার নাম লিখুন। (১০) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় লবণাক্ত মাটি দেখা যায়? (১১) উদ্ভিদ রোগ নিয়ন্ত্রণের নীতিগুলি কী কী? (১২) পশ্চিমবঙ্গে প্রধান পাটশস্য চাষে বীজ বপনের ও ফসলকাটার উপযুক্ত সময়গুলি কী কী? (১৩) জৈব ও অজৈব সারের একটি করে প্রধান বৈশিষ্ট্য লিখুন। (১৪) আগাছা সূচক কাকে বলে? (১৫) উঁচু এবং নীচু জমিতে নাইট্রিফিকেশন বন্ধ করা ২টি করে রাসায়নিকের নাম লিখুন। (১৬) লাল ও কাঁকুরে মাটির দুটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য লিখুন। (১৭) এম.এ.আই.টি.পি.এস., ই.এস.পি. এবং আই.এন.এম.-এর পুরো নাম লিখুন। (১৮) রাইজোস্ফিয়ারের সংজ্ঞা লিখুন। (১৯) বিশুদ্ধ বীজ দলের শ্রেণীগুলি কী কী? (২০) বিভিন্ন প্রকার ভূমিক্ষয়ের নামগুলি কী কী?